

## আপনার ফেরত পাওয়া অর্থ গ্রহণ করতে, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব ফিন্যান্সের নিকট আপনার বর্তমান মেইলিং ঠিকানা প্রদান করুন

যদি আপনার মেইলিং ঠিকানা পরিবর্তিত হয়, তাহলে আপনাকে অবশ্যই NYC ডিপার্টমেন্ট অব ফিন্যান্স এর কোর্ট অ্যাসেটস ইউনিটে একটি নোটারিকৃত নগদ জামিনের অর্থ ফেরত দেয়া সম্পর্কিত ঠিকানা পরিবর্তনের নোটিশ ফরম দাখিল করতে হবে। নগদ জামিনের অর্থ ফেরত সম্পর্কিত মনোনয়ন নোটিশ ফরম সম্পন্ন করে, নগদ জামিনের অর্থ ফেরত পেতে আপনার যে অধিকার রয়েছে তা পরিত্যাগ (ছেড়ে দেওয়া) করার মাধ্যমে, সে অর্থ গ্রহণের জন্য আপনি অন্য একজন ব্যক্তিকেও মনোনীত করতে পারবেন। এই ফরমটি প্রক্রিয়াজাত হওয়ার পর, নগদ জামিনের অর্থ ফেরত দেয়ার চেক গ্রহণের জন্য আপনি যে ব্যক্তিকে মনোনীত করেছেন, তার কাছে এই চেকটি ইস্যু করা হবে।

**নগদ জামিন-সম্পর্কিত ফরম ডাউনলোড করতে,  
[www.nyc.gov/finance](http://www.nyc.gov/finance) ভিজিট করুন।** কোনো প্রশ্ন থাকলে আপনি ডিপার্টমেন্ট অব ফিন্যান্সের সাথে যোগাযোগ করতে পারবেন। আদালতের মামলা সম্পর্কিত হালনাগাদ তথ্য যদি আপনার প্রয়োজন হয়, তাহলে মামলার অবস্থা সম্পর্কে অনুসন্ধান করতে নিচে দেয়া যেকোনো একটি নম্বরের মাধ্যমে আপনি সংশ্লিষ্ট আদালতের সাথে যোগাযোগ করতে পারবেন। অনুগ্রহ করে আপনার ডকেট নম্বর ও TR নম্বর প্রস্তুত আছে তা নিশ্চিত করুন।

কাউন্টি	ক্রিমিনাল কোর্ট	সুপ্রিম কোর্ট
New York	646-386-4509	646-386-4000
Bronx	718-618-2460 718-618-1592	718-618-3100
Richmond	718-675-8558	718-675-8760
Kings	347-404-9400	347-296-1305 347-296-1122
Queens	718-298-0792	718-298-1317

## সহায়তা পেতে

### অনলাইন

[nyc.gov/contactcashbail](http://nyc.gov/contactcashbail)

### ফোন

212-908-7619

সকাল 9 টা থেকে বিকেল 4 টা পর্যন্ত  
সোমবার - শুক্রবার

### ব্যক্তিগতভাবে

ম্যানহাটন বিজনেস সেন্টার  
66 John Street, 2nd Floor  
New York, NY 10038


সোমবার - শুক্রবার

সকাল 8:30 থেকে বিকেল 4:30 পর্যন্ত

### পোস্টাল মেইল

NYC Department of Finance  
Court Assets Unit  
66 John Street, 12th Floor  
New York, NY 10038

## আপনার জামিনের অর্থ ফেরত নিতে ভুলবেন না



## NYC ডিপার্টমেন্ট অব ফিন্যান্স নগদ জামিন সংরক্ষণ করে

নগদ জামিন প্রক্রিয়া বর্ণিত এই রোশিওর আপনি পেয়েছেন কারণ সম্প্রতি আপনি জামিনের জন্য অর্থ প্রদান করেছেন। আদালত থেকে এই অর্থ প্রদান করার নির্দেশনা আমরা না পাওয়া পর্যন্ত আপনার এই অর্থ NYC ডিপার্টমেন্ট অব ফিন্যান্স সংরক্ষণ করবে। সেই সময়ে, আপনাকে এই অর্থ ফেরত দেয়া হবে।

নগদ জামিন প্রক্রিয়া নিচে বর্ণনা করা হয়েছে। আপনি দেখবেন যে, প্রক্রিয়াটিতে আপনার কাজ আপনি সম্পন্ন করেছেন।

- একজন জামানতকারী (জামিন পরিশোধকারী ব্যক্তি) বিচারের অপেক্ষায় থাকা ব্যক্তির অস্থায়ী মুক্তি নিশ্চিত করতে জামিন প্রদান করেন।
- মামলা সমাপ্ত হয় বা “অভিযোগ হতে অব্যাহতি” দেয়ার কারণে জামিন দেয়া হয়। আপনি, জামানতকারী হিসেবে, এখন অর্থ ফেরত পাওয়ার অধিকারপ্রাপ্ত হন। ছয় থেকে আট সপ্তাহ পরে, আপনার ফেরত দেয়ার জন্য ডিপার্টমেন্ট অব ফিন্যান্সকে আদালত আদেশ দিবেন।
- দুই সপ্তাহের মধ্যে, আমাদের ফাইলের মধ্যে আপনার যে ঠিকানা রয়েছে সেই ঠিকানায় আমরা আপনার অর্থ ফেরত দেয়ার চেক মেইল করব।

আপনার অর্থ ফেরত পাওয়া ট্র্যাক করতে এবং তা আরো দ্রুত গ্রহণ করতে নিম্নলিখিত পদক্ষেপ গ্রহণ করুন:

1. ডিপার্টমেন্ট অব ফিন্যান্সে নিবন্ধন করুন
2. নিউ ইয়র্ক স্টেট ইউনিফাইড কোর্ট সিস্টেমে বিনামূল্যে প্রদত্ত ই-ট্র্যাক সেবায় নিবন্ধন করুন


## NYC ডিপার্টমেন্ট অব ফিন্যান্সে নিবন্ধন করুন

আপনি যাতে আপনার অর্থ যত দ্রুত সম্ভব গ্রহণ করতে পারেন তা নিশ্চিত করতে:

[www.nyc.gov/contactcashbail](http://www.nyc.gov/contactcashbail) এ নিবন্ধন করুন এবং আপনার সাথে যোগাযোগের জন্য সাম্প্রতিক সকল তথ্য লিখুন যাতে করে আপনার জামিনের অর্থ ফেরতের প্রক্রিয়াজাত করার সময় হলে আমরা আপনার সাথে যোগাযোগ করতে পারি।

“বার্তা” বক্সে, শুধুমাত্র “নিবন্ধীকরণ” শব্দটি লিখুন।

এরপর, আপনার অর্থ ফেরত পাওয়ার অবস্থা ট্র্যাক করতে নিউ ইয়র্ক স্টেট ইউনিফাইড কোর্ট সিস্টেমে বিনামূল্যে প্রদত্ত ই-ট্র্যাক সেবায় নিবন্ধন করুন।



## ই-ট্র্যাক সেবায় নিবন্ধন করুন

নিউ ইয়র্ক স্টেট ইউনিফাইড কোর্ট সিস্টেমে বিনামূল্যে প্রদত্ত ই-ট্র্যাক সেবার জন্য সাইনআপ করুন, যার মাধ্যমে প্রত্যেকবার আদালতের কর্মীরা যখন তাদের কম্পিউটার সিস্টেমে মামলা সম্পর্কিত তথ্য হালনাগাদ করবেন, তখন স্বয়ংক্রিয়ভাবে সে সম্পর্কিত তথ্য ইমেইলে পাওয়া এবং উপস্থিত হওয়ার রিমাইন্ডার সক্রিয় হয়।

নিউ ইয়র্ক স্টেট ইউনিফাইড কোর্ট সিস্টেমে বিনামূল্যে প্রদত্ত ই-ট্র্যাক সেবায় নিবন্ধন করতে এবং আপনার অর্থ ফেরত পাওয়ার অবস্থা ট্র্যাক করতে, [www.nycourts.gov](http://www.nycourts.gov) ভিজিট করুন এবং “ই-ট্র্যাক” নির্বাচন করুন।

আপনার অ্যাকাউন্ট প্রস্তুত করতে, “সকল অন্যান্য” থেকে “অ্যাকাউন্ট প্রস্তুত করুন” নির্বাচন করুন।

ই-ট্র্যাকের জন্য নিবন্ধন করার পর, ইমেইলের মাধ্যমে মামলা সম্পর্কিত হালনাগাদ তথ্য এবং উপস্থিত হওয়ার রিমাইন্ডার আপনি পেতে পারবেন।

